গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা,
ঢাকা-১০০০
কর্মসংস্থান-১ শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০০০.১১.০০৪৩.২৬.৯৬

তারিখ: ২৭ কার্তিক ১৪৩৩ / ১২ নভেম্বর ২০২৬

বিষয়: নিয়োগানুমতি প্রদান।

সূত্র: সূত্র-১: রিক্রুটিং এজেন্ট এ.এস ট্রাভেল এন্ড ট্যুরিজম এজেন্সি (আরএল-১৬২৭)-কর্তৃক আবেদনপত্র।
সূত্র-২: ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসের পত্র নং: ১৯.০১.৯৬৪১.০০৭.৪৭.০০৩.২৬-৪৫২; তারিখ: ২৯/১০/২০২৬
সূত্র-৩: ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসের পত্র নং: ১৯.০১.৯৬৪১.০০৭.৪৭.০০৩.২৬-৪৬০; তারিখ: ০২/১১/২০২৬
সূত্র-৪: ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসের পত্র নং: ১৯.০১.৯৬৪১.০০৭.৪৭.০০৩.২৬-৪১০; তারিখ: ০৪/১১/২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রসমূহের পরিপ্রেক্ষিতে, ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসের মতামত সাপেক্ষে রিক্রুটিং এজেন্ট এ.এস ট্রাভেল এন্ড ট্যুরিজম এজেন্সি (আরএল-১৬২৭) -এর অনুকূলে ইরাকস্থ Al-Adwaa Company-তে ১১২২ জন কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

Company Name	Category	Required Number	Salary (USD)	Terms and Conditions (According to Demand Letter)
Al-Adwaa Company Partnership: (PARASUT COMPANY)	General Worker & Cleaner	1122	400 (USD)	1. **Accommodation**: Iraq-AL mousel-almothana st-z311 b 2 d 844. **Air Passage**: Free Two Way **Transportation**: Free to and from work site **Medical Treatment**: Provided by the Employer **Probation Period**: 90 Days **Working Hours**: 08 hrs. per day/26 Days per month **Period of Contract**: 02 years **Yearly leave**: Provided by the company **Over Time**: Provided by the Employer **Food**: Provided by the Employer **NB: in case of death or injury: Dead bodies or evacuation will be sent to Bangladesh on Company expanse.**
	Total	**1122**		

শর্তাবলীঃ

(ক) বাংলাদেশ থেকে ইরাকে কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যই বাংলাদেশ এবং ইরাক উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে;

(খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশি কর্মী ইরাকে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে;

(গ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে। বিষয়টি রিক্রুটিং এজেন্সি নিশ্চিত করবে;

(ঘ) কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে;

(ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে পারবেন যার প্রমাণপত্র মহাপরিচালক, বিএমইটি বরাবর উপস্থাপন করতে হবে;

(চ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা উক্ত কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবেন প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে, যুদ্ধে জড়িত হবে না এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

(ছ) এ নিয়োগ সম্পন্ন করার পর ১৪ দিনের মধ্যে অত্র মন্ত্রণালয়কে এবং বাংলাদেশ মিশনকে অবহিত করতে হবে;

(জ) নিয়োগকর্তা কর্তৃক ইরাকের বিমান বন্দরে কর্মীদের গ্রহণ নিশ্চিত করতে হবে, তৎপূর্বে তথ্যাদি ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসকে ইমেইলে বা পত্র দিয়ে অবগত করতে হবে।;

(ঝ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা ইরাকস্থ বাংলাদেশ দূতাবাস এবং বিএমইটিতে দাখিল করতে হবে; এবং

(ঞ) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগানুমতি বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ট) ইরাকস্থ বাংলাদেশ দূতাবাস নিয়োগ পরবর্তী প্রতিবেদন প্রেরণ করবে।

১২-১১-২০২৬
মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব
ফোন : ০২-৪১০৩০২৪২
ইমেইল : dsemployment1@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০০০.১১.০০৪৩.২৬.৯৬/১ (৮)

তারিখ: ২৭ কার্তিক ১৪৩৩ / ১২ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, ইরাক।
৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭। ব্যবস্থাপনা অংশীদার, রিক্রুটিং এজেন্ট এ.এস ট্রাভেল এন্ড ট্যুরিজম এজেন্সি (আরএল-১৬২৭)।
৮। অফিস কপি।

১২-১১-২০২৬
মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব